গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা
সংসদ ও সমন্বয় শাখা

# জুলাই, ২০১৭ মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| চেয়ারপার্সন | : | **ড. নমিতা হালদার এনডিসি**<br>ভারপ্রাপ্ত সচিব<br>প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়। |
| সভার তারিখ ও সময় | : | ২৮.০৮.২০১৭ বেলা ৩.০০ ঘটিকা। |
| সভার স্থান | : | মন্ত্রণালয়ের সভা কক্ষ। |
| সভার উপস্থিতি | : | পরিশিষ্ট ‘ক’ দ্রষ্টব্য। |

চেয়ারপার্সন উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় গত ২৫-০৭-২০১৭ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী পাঠ করা হলে কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর কার্যপত্র অনুযায়ী সভায় নিম্নবর্ণিত বিষয়সমূহ বিস্তারিত আলোচনা করা হয় এবং সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

আলোচনা ও সিদ্ধান্ত:

| আলোচ্য বিষয় | গত সভার সিদ্ধান্ত | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১.১ইনোভেশন কমিটির কার্যক্রম | ক) অনলাইনে সিআইপি আবেদন গ্রহণের কার্যক্রমের সর্বশেষ অগ্রগতি পরবর্তী সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | (ক) সহকারী প্রোগ্রামার সভায় জানান, অনলাইনে সিআইপি আবেদন গ্রহণের কার্যক্রম চালু হয়েছে। ইতোমধ্যে অনলাইনে ৩টি আবেদন জমা পড়েছে। অতিরিক্ত সচিব (মিশন ও কল্যাণ) এ বিষয়ে একমত পোষণ করেন। উপসচিব (প্রশাসন শাখা) এরই ধারাবাহিকতায় জানান যে, ২০১৭-১৮ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল এর ৬.২ অনুযায়ী সেপ্টেম্বর, ২০১৭ এর মধ্যে অনলাইন অভিযোগ ব্যবস্থাপনার সফটওয়্যারটির Template প্রস্তুত করতে হবে। এ কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনার সুবিধার্থে সমন্বয় সভার এজেন্ডাভুক্ত করা প্রয়োজন। সহকারী প্রোগ্রামার এ বিষয়ে জানান, ইতোমধ্যে এই সফটওয়্যারটির বিষয়ে ভেন্ডরের সাথে আলোচনা হয়েছে। এক মাসের মধ্যে এ কার্যক্রমটি বাস্তবায়ন করা সম্ভব হবে। | ক) অনলাইন অভিযোগ ব্যবস্থাপনার সফটওয়্যারটির Template সেপ্টেম্বরের মধ্যে প্রস্তুত করতে হবে। | ক) যুগ্মসচিব (বাজেট ও সেবা),/সহকারী প্রোগ্রামার, আইটি সেল। |
| | খ) দপ্তর/সংস্থার নির্ধারিত উদ্ভাবনী কর্ম পরিকল্পনা যথাসময়ে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | খ) মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার উদ্ভাবনী কর্ম পরিকল্পনা, ২০১৭ যথাসময়ে বাস্তবায়নের লক্ষ্যে প্রতি মাসে স্ব স্ব প্রতিষ্ঠানের ইনোভেশন টীমের সভা অনুষ্ঠিত হয়ে থাকে। | খ) মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার উদ্ভাবনী কর্ম পরিকল্পনা যথাসময়ে বাস্তবায়ন নিশ্চিত করতে তদারকি জোরদার করতে হবে। | খ) ইনোভেশন টীম, মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থা (সকল) |
| | গ)মোবাইল ফোনের মাধ্যমে অনলাইন ভিসা চেকিং এ্যাপস্‌টির | গ) বিএমইটির মহাপরিচালক জানান, মোবাইল ফোনের মাধ্যমে অনলাইনে ভিসা চেকিং এ্যাপসটির | গ) অনলাইনে ভিসা চেকিং এ্যাপসের প্রচারণা তৃণমূল পর্যায়ে পৌঁছে দিতে হবে এবং | গ) মহাপরিচালক বিএমইটি |

| আলোচ্য বিষয় | গত সভার সিদ্ধান্ত | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | বিষয়ে প্রচারণা অব্যাহত রাখতে হবে। | প্রচারণা অব্যাহত রাখা হয়েছে। ইতোমধ্যে বিএমইটিতে মাঠপর্যায়ের দপ্তর প্রধানদের প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। প্রশিক্ষণ কর্মশালায় বিএমইটির উদ্ভাবনী উদ্যোগসমূহের মধ্যে উল্লেখ্যযোগ্য এই মোবাইল ফোনের মাধ্যমে অনলাইনে ভিসা চেকিং এ্যাপসটি ব্যাপক প্রচারের জন্য পুনরায় দপ্তর প্রধানদের নির্দেশনা প্রদান করা হয়েছে। তৎপ্রেক্ষিতে লিফলেট, ব্রসিয়ার, বুকলেট ইত্যাদিতেও এ বিষয়টি অন্তর্ভূক্ত করা হয়েছে। | তা অব্যাহত রাখতে হবে। | |
| ২.১ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি | ক) মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার ই-ফাইলিং কার্যক্রম জোরদার করতে হবে। | ক) মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর/সংস্থায় (প্রবাসী কল্যাণ ব্যাংক ব্যতীত) ই-ফাইলিং কার্যক্রম চলমান আছে এবং ক্রমান্বয়ে এর পরিধি বিস্তৃত করা হচ্ছে। কর্মকর্তা/কর্মচারীদের অভ্যন্তরীণ প্রশিক্ষণে ই-ফাইলিং বিষয়ে হাতে-কলমে প্রশিক্ষণও চলমান রয়েছে। প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই প্রোগ্রাম হতে আগত কর্মকর্তাদের উপস্থিতিতে গত ২৭/০৮/২০১৭ তারিখে ই-ফাইলিং বিষয়ে পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। মন্ত্রণালয়ের ইন্টারনেটের গতি বৃদ্ধির জন্য কল্যাণ বোর্ড থেকে কেন্দ্রীয়ভাবে ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। মহাপরিচালক, কল্যাণ বোর্ড জানান, ইতোমধ্যে তাঁর দপ্তরের আইটি বিশেষজ্ঞ ইন্টারনেটের গতি বৃদ্ধি বিষয়ে Survey করেছে। চেয়ারপার্সন এ বিষয়ে দ্রুত ব্যবস্থা গ্রহণের জন্য মহাপরিচালক, কল্যাণ বোর্ডকে অনুরোধ জানান। এছাড়া, যে সকল দপ্তর/শাখার ইন্টারনেটের সংযোগ সচল আছে সেসব শাখা/দপ্তরের কর্মকর্তাদের প্রতিদিন ই-ফাইলিং কার্যক্রম পরিচালনার জন্য বিশেষভাবে অনুরোধ জানান। | ১। প্রবাসী কল্যাণ ভবনে অবস্থিত মন্ত্রনালয় ও দপ্তর/সংস্থায় নিরবচ্ছিন্ন ইন্টারনেট প্রবাহ নিশ্চিত করার লক্ষ্যে কেন্দ্রীয়ভাবে দ্রুত ইন্টারনেট ব্যবস্থাপনা কার্যক্রম গ্রহণ করতে হবে।<br><br>২। প্রতিদিন ই-ফাইলিং এ লগইনপূর্বক অনিষ্পন্ন বিষয়াদি নিষ্পন্ন করতে হবে। | মহাপরিচালক ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এবং সহকারী প্রোগ্রামার<br><br>২। সকল কর্মকর্তা |
| | খ) সভার নোটিশ, কার্যবিবরণী এবং সকল অফিস আদেশ ই-নথিতে প্রেরণ করতে হবে। | খ) যুগ্মসচিব (প্রশাসন), জানান সভার নোটিশ, কার্যবিবরণী ও সকল অফিস আদেশ ই-নথিতে প্রেরণ করার সিদ্ধান্তটি বাস্তবায়ন করা হচ্ছে। অন্যান্য সকল শাখা ও দপ্তর/সংস্থায় অনুরোধ জনানো হয়েছে। | খ) এজেন্ডা থেকে বাদ দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | গ)বদলী/পদায়ন/শাখা পরিবর্তন ইত্যাদি ক্ষেত্রে ই-নথি ব্যবস্থাপনা হালনাগাদ রাখার লক্ষ্যে এ সংক্রান্ত পত্রাদির কপি আইটি শাখায় প্রেরণ করতে হবে। | গ) যুগ্মসচিব (প্রশাসন) জানান, বদলী পদায়ন বা শাখা পরিবর্তন ইত্যাদি পত্রাদির কপি আইটি শাখায় নিয়মিত প্রেরণ করা হচ্ছে। | গ) সভার আলোচ্যসূচি হতে বাদ দেয়া হল। | |
| | ঘ) মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার ওয়েবসাইটসমূহ হালনাগাদ রাখতে হবে | ঘ) সম্প্রতি ওয়েবসাইটে সংবাদ কণিকা নামে একটি ট্যাব সংযোজনপূর্বক মন্ত্রণালয় প্রতিদিন নামে একটি অপশন যোগ করা হয়েছে। উক্ত অপশনে এ মন্ত্রণালয়ের প্রতিদিনের উল্লেখযোগ্য কার্যক্রম | ঘ) মন্ত্রণালয়ের প্রতিদিনের উল্লেখযোগ্য কার্যক্রম ওয়েবসাইটে আপলোড করতে হবে। | সহকারী প্রোগ্রামার ও জনসংযোগ কর্মকর্তা |

| আলোচ্য বিষয় | গত সভার সিদ্ধান্ত | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | এবং প্রত্যেক সমন্বয় সভায় ওয়েবসাইটের সর্বশেষ আপডেট উপস্থাপন করতে হবে | সংক্ষিপ্ত আকারে প্রযোজ্য ক্ষেত্রে ছবি সহকারে আপলোড করতে হবে। এ লক্ষ্যে সহকারী প্রোগ্রামার ও মন্ত্রণালয়ের পিআরওকে একযোগে কাজ করার জন্য চেয়ারপার্সন অনুরোধ জানান। ওয়েবসাইটটিকে আরও আকর্ষণীয় করে তোলার লক্ষ্যে তিনি সকল কর্মকর্তাকে সুচিন্তিত মতামত দেয়ার আহবান জানান। | | |
| | ২)মন্ত্রণালয়ে নিরবচ্ছিন্ন ইন্টারনেট সুবিধা নিশ্চিত করতে হবে। | ২) মন্ত্রণালয়ের নিরবচ্ছিন্ন ইন্টারনেট সুবিধা প্রাপ্তির স্বার্থে BTCL হতে চলমান ইন্টারনেট সংযোগের পাশাপাশি, Link 3 Technologies Limited হতে ২৫ MBPS ব্যান্ডউইথ এবং BTS Communication LTD হতে ০৫ ব্যান্ডউইথ ইন্টারনেট সেবা প্রদানের জন্য উক্ত দু'টি প্রতিষ্ঠানকে কার্যাদেশ দেয়া হয়েছে। **ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের সাথে সমন্বয় করে কাজটি দ্রুত এগিয়ে নিতে হবে।** | ২) নিরবচ্ছিন্ন ইন্টারনেট সুবিধা নিশ্চিত করতে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের সাথে সমন্বয় করে দ্রুত বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | মহাপরিচালক ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড ও সহকারী প্রোগ্রামার |
| | ৩। প্রকৃত চাহিদা যাচাইপূর্বক শাখায় শাখায় নতুন কম্পিউটার সরবরাহ করতে হবে। | ৩। ২০১৬-১৭ অর্থ বছরে ক্রয়কৃত কম্পিউটার ইতোমধ্যে চাহিদা যাচাইঅন্তে সকল শাখায় সরবরাহ করা হয়েছে মর্মে যুগ্মসচিব (প্রশাসন) জানান। | ৩। বাস্তবায়িত বিধায় সভার আলোচ্যসূচি হতে বাদ দেয়া হল। | |
| | ৪। সেবাগ্রহীতাদের মতামত গ্রহণের জন্য সরাসরি সেবা প্রদানকারী সকল শাখা/দপ্তরে ফরম প্রস্তুত করতে হবে। | ৪। মন্ত্রণালয়ের কর্মসংস্থান শাখা, বিএমইটি ও কল্যাণ বোর্ড সেবা গ্রহীতাদের মতামত গ্রহণের জন্য ফরম প্রস্তুত করেছে। চেয়ারপার্সন বলেন, ফরম সহজ ও সংক্ষিপ্ত হওয়া বাঞ্চনীয়। বিএমইটির বহির্গমন বিষয়ক দপ্তর হতে এ কার্যক্রম শুরু করা যেতে পারে। ফরমটি মন্ত্রণালয়ের ফ্রন্টডেস্কে রাখা যেতে পারে যেন বহির্গমন/এমিগ্রেইশন কার্যক্রম সম্পাদনে আগত জনগণ এ ফরমটি পূরণ করে জমা দিতে পারে। | ৪। বিএমইটির এমিগ্রেইশন দপ্তরে সেবা গ্রহীতাদের মতামত গ্রহণের জন্য ফরম প্রস্তুতপূর্বক ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাপরিচালক বিএমইটি |
| | ৫। (ক) অভিযোগ নিষ্পত্তির হার বাড়াতে হবে। | ৫। (ক) মন্ত্রণালয়ের ২০১৭-১৮ অর্থ বছরের অভিযোগ নিষ্পত্তির হার বৃদ্ধির লক্ষ্যে করণীয় বিষয়ে অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) এর সভাপতিত্বে একটি জরুরী সভা করা হয়েছে। উক্ত সভার প্রেক্ষিতে কর্মসংস্থান শাখা-০২ তদন্তাধীন ১৪টি অভিযোগের মধ্যে ০৭টি অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে। বাকী ০৭টি অভিযোগ নিষ্পত্তির কার্যক্রম চলমান রয়েছে।<br>বিএমইটিঃ অভিযোগসমূহ নিষ্পত্তির হার বৃদ্ধিকল্পে রিক্রুটিং এজেন্সী ও অভিবাসন সংক্রান্ত অভিযোগ তদন্ত সম্পাদনপূর্বক প্রতিবেদন দাখিলের সময় সীমা বেধে দেয়া হয়েছে। এতে অভিযোগ নিষ্পত্তির হার | ৫। ২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ও জাতীয় শুদ্ধাচার কৌশলের লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট হতে হবে। | কর্মসংস্থান অনুবিভাগ ও দপ্তর/সংস্থা (সকল) |

| আলোচ্য বিষয় | গত সভার সিদ্ধান্ত | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | ৫। (খ) মন্ত্রণালয়ের মামলার তালিকা সচিব মহোদয়কে সরবরাহ করতে হবে। | বৃদ্ধি পাচ্ছে।<br>৫। (খ) বিএমইটি হতে মামলার তালিকা গত ০৮/০৮/২০১৭ তারিখে এ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। কর্মসংস্থান-০২ শাখার চলমান ৬টি মামলার হালনাগাদ তালিকা সচিব মহোদয়কে সরবরাহ করা হয়েছে। | | |
| ২.২ ৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা | প্রবাসী কর্মীদের ইন্সুরেন্সের আওতায় আনার জন্য গৃহীত কার্যক্রমের অগ্রগতি নিয়মিত সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | ১। অতিরিক্ত সচিব (মিশন ও কল্যাণ) জানান, এ মন্ত্রণালয়ের নেতৃত্বে ২টি আন্ত: মন্ত্রণালয় টিম আগামী সেপ্টেম্বর, ২০১৭ সালে অভিজ্ঞতা বিনিময়ের লক্ষ্যে ফিলিপাইন ও শ্রীলংকা সফর করবে । উক্ত দেশগুলোর বীমা ব্যবস্থা সম্পর্কে অভিজ্ঞতা অর্জনের পর এদেশে একটি কনসালটেশন সভা করা হবে। তৎপ্রেক্ষিতে এ সংক্রান্ত নীতিমালাটি চূড়ান্ত করা হবে। | ১। বীমা সংক্রান্ত খসড়া নীতিমালাটি চূড়ান্ত করার লক্ষ্যে গৃহীত কার্যক্রম সম্পর্কে নিয়মিত সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | **উপসচিব (কল্যাণ) ও মহাপরিচালক ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড** |
| | ২) পরবর্তী সমন্বয় সভায় অভিবাসনে পিছিয়ে থাকা জেলা সংক্রান্ত কমিটির সুপারিশসমূহের উপর বিস্তারিত আলোচনাপূর্বক সিদ্ধান্ত গ্রহণ করা হবে। | ২। সভায় অভিবাসনে পিছিয়ে থাকা জেলা সংক্রান্ত কমিটির সুপারিশমালা নিয়ে বিস্তারিত আলোচনা হয়। যুগ্মসচিব (কর্মসংস্থান) জানান, পিছিয়ে থাকা জেলাগুলোতে রিক্রুটিং এজেন্সির সংখ্যাও কম। চেয়ারপার্সন বলেন, বর্তমান অবস্থার পরিপ্রেক্ষিতে পিছিয়ে থাকা ২৪টি জেলায় অভিবাসনের পক্ষে ডিইএমও এবং টিটিসির মাধ্যমে প্রচারণা অব্যাহত রাখা প্রয়োজন। | ২। অভিবাসনে পিছিয়ে থাকা ২৪টি জেলায় অভিবাসন বৃদ্ধির লক্ষ্যে DEMO ও টিটিসিগুলোর মাধ্যমে প্রচারনা অব্যাহত রাখতে হবে। | মহাপরিচালক (বিএমইটি) |
| | ৩) দূর্যোগপ্রবণ উপজেলাগুলোকে অগ্রাধিকার দিয়ে উন্নয়ন প্রকল্পের আওতায় উপজেলা পর্যায়ে টিটিসি স্থাপনের কার্যক্রম চলমান রয়েছে। | ৩। বিএমইটিঃ দূর্যোগপ্রবণ জেলা লক্ষীপুর, চট্রগ্রাম, কক্সবাজার, সিরাজগঞ্জ, কিশোরগঞ্জ, নেত্রকোনা, বরিশাল, পটুয়াখালী, গাইবান্ধায় টিটিসি এবং বাগেরহাটে আইএমটি চালু রয়েছে। এছাড়া সন্দীপ, রাউজান, চাঁদপুর সদর, হবিগঞ্জ সদর, কালিহাতি ইত্যাদি দূর্যোগপ্রবণ উপজেলায় অগ্রাধিকার হিসেবে টিটিসি স্থাপনের প্রকল্প ইতোমধ্যেই গ্রহণ করা হয়েছে। অন্যান্য দূর্যোগপ্রবণ উপজেলাসমূহকে পর্যায় ক্রমিকভাবে অগ্রাধিকার ভিত্তিতে উন্নয়ন প্রকল্পের আওতায় টিটিসি স্থাপন করা হবে। | ৩। অঞ্চলভেদে চাহিদা ভিত্তিক বাস্তবসম্মত প্রকল্প গ্রহণ করতে হবে। | যুগ্মসচিব (পরিকল্পনা ও উন্নয়ন) এবং মহাপরিচালক (বিএমইটি) |
| ২.৩. মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়ন মনিটরিং | মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনাসমূহের সর্বশেষ বাস্তবায়ন অগ্রগতি প্রতি সমন্বয় সভায় অবহিত করতে হবে। নিয়মিত প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রতিবেদন প্রেরণ করতে হবে। | মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনাসমূহ বাস্তবায়নের লক্ষ্যে মন্ত্রণালয়ে নিয়মিত সভা অনুষ্ঠিত হয়। প্রতি মাসের ৫ তারিখের মধ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ে এ সংক্রান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করা হয়। মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনাসমূহের সর্বশেষ অগ্রগতি প্রতিবেদন সভায় উপস্থাপন করা হয়। | মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনাসমূহ বাস্তবায়ন অগ্রগতির হালনাগাদ তথ্য যথাসময়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। | সংসদ ও সমন্বয় শাখা |
| ২.৪ অডিট আপত্তি সংক্রান্ত | বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে অডিট আপত্তি নিষ্পত্তির গতি ত্বরান্বিত করতে হবে। | হিসাব শাখাঃ ১৩টি অডিট আপত্তির জবাব প্রেরণ করা হয়েছিল তৎপ্রেক্ষিতে ৮টি অডিট আপত্তি নিষ্পত্তি করা হয়েছে।<br>দক্ষতা উন্নয়ন তহবিলঃ ১০টি অডিট আপত্তির জবাব প্রেরণ করা হয়েছিল। তন্মধ্যে ০৪টি নিষ্পত্তি করা হয়। এর পরিপ্রেক্ষিতে নিষ্পত্তির লক্ষ্যে ০২ টির জবাব মার্চ, ২০১৭ মাসে এবং ০৪ টির জবাব আগস্ট, ২০১৭ | ১) অডিট আপত্তি নিষ্পত্তির গতি ত্বরান্বিত করতে হবে।<br><br>২) আগামী সভা থেকে নিষ্পত্তির হার উল্লেখ করতে হবে। | ক) উপসচিব (বাজেট)<br><br>খ) দপ্তর/সংস্থা |

| আলোচ্য বিষয় | গত সভার সিদ্ধান্ত | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | মাসে নিষ্পত্তির লক্ষ্যে দূতাবাস অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে।<br>বিএমইটিঃ বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে অডিট আপত্তি নিষ্পত্তির গতি ত্বরান্বিত করার নিমিত্ত ইতোমধ্যে বিএমইটিতে ১১ জুলাই, ২০১৭ তারিখে একটি দ্বিপাক্ষিক সভা করা হয়েছে। এতে ৯টি আপত্তি নিষ্পত্তি ও ২টি আপত্তি নিষ্পন্নের সুপারিশসহ সভার কার্যবিবরণী অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। অডিট আপত্তির নিষ্পত্তি ত্বরান্বিত করার উদ্যোগ নেয়া হয়েছে। বোয়েসেল ইতোমধ্যে ত্রিপক্ষীয় সভা করেছে। কিছু অডিট আপত্তি নিষ্পত্তি হয়েছে মর্মে জানানো হয়। | | |
| ২.৫ অনিষ্পন্ন বিষয় | মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার মধ্যকার অনিষ্পন্ন বিষয়াদি পারস্পরিক নিবিড় যোগাযোগের মাধ্যমে দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা করতে হবে। | মন্ত্রণালয়ে প্রেরিত মাসিক প্রতিবেদনে অনিষ্পন্ন বিষয়াদি দ্রুত নিষ্পন্নের জন্য তালিকা প্রেরণ করা হয়। অধিকন্তু বিএমইটির অনিষ্পন্ন বিষয় নিষ্পত্তির লক্ষ্যে মন্ত্রণালয়ের সংস্থা শাখার সাথে নিবিড় যোগাযোগ রাখা হচ্ছে। অনিষ্পন্ন বিষয়ের তালিকা প্রাপ্তি সাপেক্ষে উপসচিব (সংস্থার) নিকট প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হয়। যুগ্মসচিব (প্রশাসন) জানান, দপ্তর/সংস্থার কিছু পত্র জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ মন্ত্রণালয়ের কাছে প্রক্রিয়াধীন থাকায় তা চুড়ান্তভাবে নিষ্পত্তিতে বিলম্ব হয়ে থাকে। | ১) মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার মধ্যকার অনিষ্পন্ন বিষয়াদি পারস্পরিক নিবিড় যোগাযোগের মাধ্যমে দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা করতে হবে। | উপসচিব, সংস্থা শাখা ও দপ্তর/সংস্থা প্রধান |

**দপ্তর/সংস্থা :**

৩.০. জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি) :

| আলোচ্য বিষয় | গত সভার সিদ্ধান্ত | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| **১** | **২** | **৩** | **৪** | **৫** |
| ৩.১ মামলা সংক্রান্ত | জরুরীভিত্তিতে মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার বিরুদ্ধে রুজুকৃত সকল মামলার তালিকা সচিব মহোদয়কে সরবরাহ করতে হবে। | কর্মসংস্থান শাখা ও বিএমইটি হতে মামলার তালিকা সচিব মহোদয় বরাবর প্রেরণ করা হয়েছে। চেয়ারপার্সন বলেন, গত ২ জুলাই, ২০১৭ তারিখ মাননীয় প্রধানমন্ত্রী সচিব সভায় কিছু নির্দেশনা প্রদান করেছেন। তন্মধ্যে ২৩ নং নির্দেশনাটি নিম্নরুপ আদালতে বিচারাধীন সরকারি স্বার্থ সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ মামলাসমূহ পরিচালনার জন্য বর্তমান ব্যবস্থার পাশাপাশি অভিজ্ঞ আইনজীবী নিয়োগের নিমিত্ত অর্থ বরাদ্দ রাখতে হবে এবং মন্ত্রণালয়/বিভাগের আইন শাখা/অধিশাখার সক্ষমতা বৃদ্ধি করতে হবে। এ লক্ষ্যে আইনশাখা সৃজন ও সক্ষমতা বৃদ্ধিসহ আইনজীবী নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১) আইন শাখা সৃজন ও সক্ষমতা বৃদ্ধি এবং অভিজ্ঞ আইনজীবী নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>২) দপ্তর/সংস্থা থেকে এ বিষয়ে সুনির্দিষ্ট প্রস্তাব আহবান করা হল। | দপ্তর/সংস্থা (সকল) ও প্রশাসন অনুবিভাগ |

ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড :

| আলোচ্য বিষয় | গত সভার সিদ্ধান্ত | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৪.১ বিদেশে মৃত কর্মীর সংখ্যা, বিদেশ থেকে মৃতদেহ আনার সংখ্যা, ক্ষতিপূরণ দেওয়ার পরিমাণ ইত্যাদি সম্পর্কে আপডেট তথ্য প্রদান | কলসেন্টারে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তির লক্ষ্যে সকলকে আন্তরিকভাবে কাজ করতে হবে। | প্রবাসবন্ধু কলসেন্টারের কার্যক্রম সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা হয়। এ কলসেন্টারটির কার্যক্রম নিয়মিত তদারকির জন্য মহাপরিচালক, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডকে অনুরোধ জানানো হয়। | কলসেন্টারে প্রাপ্ত অভিযোগ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে সকলকে আন্তরিকভাবে কাজ করতে হবে। | মহাপরিচালক ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড |
| ৪.২ মেডিকেল অফিসার নিয়োগ | ক) একজন মেডিকেল অফিসার নিয়োগের বিষয়ে গৃহীত ব্যবস্থা পরবর্তী সভায় অবহিত করতে হবে।<br>খ) নিয়মিত ইউটিলিটি বিল পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মন্ত্রণালয় মেডিকেল অফিসারের প্রয়োজন আছে কিনা সে বিষয়ে সভায় সকলের মতামত গ্রহণ করা হয়। এ মন্ত্রণালয়ের কাছাকাছি হলি ফ্যামিলি হাসপাতালসহ অনেকগুলো হাসপাতাল বিদ্যমান থাকায় ডাক্তার নিয়োগের বিষয়টি বাদ দেয়ার পক্ষে সকলে মতামত ব্যক্ত করেন। | সভার আলোচ্যসূচী হতে বিষয়টি বাদ দেয়া হয়। | |

বোয়েসেল :

| আলোচ্য বিষয় | গত সভার সিদ্ধান্ত | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৫.১ বোয়েসেলের কার্যক্রম | বিদেশে অধিক কর্মী প্রেরণের লক্ষ্যে শ্রমবাজার সম্প্রসারণ বিষয়ে বোয়েসেল মন্ত্রণালয় ও বিএমইটির সাথে যোগাযোগ অব্যাহত রাখবে। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি মোতাবেক নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত বিদেশে অধিক সংখ্যক কর্মী প্রেরণের লক্ষ্যে শ্রমবাজার সম্প্রসারণ বিষয়ে বোয়েসেল ও বিএমইটি মন্ত্রণালয়ের সাথে নিবিড় যোগাযোগ অব্যাহত রাখছে। চেয়ারপার্সন বলেন, বোয়েসেল এর কার্যক্রম সম্ভাবনাময়। নতুন নতুন শ্রমবাজার খুঁজে বের করার জন্য চেয়ারপার্সন বোয়েসেলকে তাগিদ দেন। সরকার কর্তৃক নিয়োগ/পদায়নযোগ্য পদে বোয়েসেলের শূন্যপদ পূরণ করার লক্ষ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ বাড়ানোর জন্যও তিনি অনুরোধ জানান। | নতুন নতুন শ্রমবাজার অনুসন্ধান ও শূন্যপদ পূরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ব্যবস্থাপনা পরিচালক,বোয়েসেল |

প্রবাসী কল্যাণ ব্যাংক:

| আলোচ্য বিষয় | গত সভার সিদ্ধান্ত | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৬.১. প্রবাসী কল্যাণ ব্যাংকের কার্যক্রম | অর্থ মন্ত্রণালয়ের সাথে নিবিড় যোগাযোগ রাখতে হবে। | প্রবাসী কল্যাণ ব্যাংক হতে মূলধন পুনর্গঠন বাবদ ২৫০ কোটি টাকা বরাদ্দ প্রদানের জন্য গত ০৬/০৮/২০১৭ তারিখ আর্থিক প্রতিষ্ঠান বিভাগকে পুনরায় পত্র দেয়া হয়েছে। অর্থ মন্ত্রণালয়ের সাথে এ বিষয়ে নিবিড় যোগাযোগ রাখা হচ্ছে মর্মে ব্যবস্থাপনা পরিচালক সভাকে জানান। সম্প্রতি মাননীয় প্রধানমন্ত্রী এ মন্ত্রণালয়ের সচিব মহোদয়কে প্রবাসী কল্যাণ ব্যাংককে বাণিজ্যিক ব্যাংকে রূপান্তর এবং নবনির্মিতব্য কর্মসংস্থান ব্যাংকের ভবনে হেড অফিস স্থানান্তরের জন্য নির্দেশনা প্রদান করেছেন মর্মে চেয়ারপার্সন সভাকে অবহিত করেন। সে লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য চেয়ারপার্সন ব্যাংকটির ব্যবস্থাপনা পরিচালককে অনুরোধ জানান। | প্রবাসী কল্যাণ ব্যাংককে বাণিজ্যিক ব্যাংকে রূপান্তর এবং নবনির্মিতব্য কর্মসংস্থান ব্যাংকের ভবনে হেড অফিস স্থানান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | **ব্যবস্থাপনা পরিচালক,** প্রবাসী কল্যাণ ব্যাংক |

৭.১ বিবিধ :

সভায় চেয়ারপার্সন এ মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার প্রতি কতিপয় বিষয়ে দিক নির্দেশনা প্রদান করেন যা বাস্তবায়নযোগ্য । যথা:

১। প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান নীতি, ২০১৬ এর স্টিয়ারিং কমিটি দ্রুত গঠন করতে হবে। মন্ত্রণালয়ের যুগ্মসচিব জনাব বদরুল আরেফিনকে এ দায়িত্ব প্রদান করা হয়।

২। ই-ফাইলিং, APA, শুদ্ধাচার, মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়ন, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান নীতি , ২০১৬ ,৭ম পঞ্চ বার্ষিকী পরিকল্পনাসহ CAP এর সকল কার্যক্রম সমন্বয় সভার এজেন্ডাভুক্ত করতে হবে।

৩। সমন্বয়ের সুবিধার্থে প্রতিমাসের ২য় মঙ্গলবার মাসিক সমন্বয় সভা এবং ৩য় মঙ্গলবার ADP সংক্রান্ত সভার জন্য ধার্য করা হয়। উক্ত দিনে ছুটি থাকলে পরবর্তী দিন সভা অনুষ্ঠিত হবে। সুতরাং প্রথম সপ্তাহেই প্রয়োজনীয় ও চাহিত প্রতিবেদন সংশ্লিষ্ট শাখায় প্রেরণ করতে হবে।

৪। সকল শাখার নথির পুরাতন ফাইল কভার পরিবর্তন করতে হবে যাতে সুন্দর, পরিপাটি এবং মার্জিত কায়দায় তা উপস্থাপিত হয়।

৫। একক ভিসা এ্যাটেস্টেশন নিয়ে জটিলতা দূরীকরণে ওমান, কাতার ও কুয়েতের সাথে মন্ত্রণালয়ের কর্মসংস্থান অনুবিভাগ ও বিএমইটি যৌথভাবে যোগাযোগপূর্বক ব্যবস্থা গ্রহণ করবে।

৬। সকল টিটিসিতে বিএমইটি হতে এ মন্ত্রণালয় ও বিএমইটির নাম উল্লেখপূর্বক একটি নির্ধারিত সাইনবোর্ড প্রদর্শন নিশ্চিত করতে হবে।

৭। মন্ত্রিপরিষদ বিভাগ হতে ক্যাবিনেট সেক্রেটারী মহোদয়ের দেয়া আধা সরকারি পত্রের আলোকে অনতিবিলম্বে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

সভায় আর কোনও আলোচ্যসূচী না থাকায় চেয়ারপার্সন সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/
৫/৯/১৭
(ড. নমিতা হালদার এনডিসি)
ভারপ্রাপ্ত সচিব
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়